
57

দৈনিক ইনকিলাব

তারিখ ... MAR 22 1999 ... ...
পৃষ্ঠা ১১ কলাম ৭......



*ইনকিলাব ঃ পূর্বঘোষিত কর্মসূচী অনুযায়ী ১২ দফা দাবী আদায়ের লক্ষ্যে গতকাল বাংলাদেশ প্রাথমিক শিক্ষা কর্মকর্তা ঐক্য পরিষদ মিরপুরস্থ প্রাথমিক শিক্ষা অধিদপ্তরে অবস্থান ধর্মঘট পালন করে*

# প্রাথমিক ও গণশিক্ষা বিভাগকে পূর্ণাঙ্গ মন্ত্রণালয় ঘোষণার দাবী

**স্টাফ রিপোর্টার ঃ** বাংলাদেশ প্রাথমিক শিক্ষা কর্মকর্তা ঐক্য পরিষদের নেতৃবৃন্দ প্রাথমিক ও গণশিক্ষা বিভাগকে অবিলম্বে পূর্ণাঙ্গ মন্ত্রণালয় ঘোষণাসহ প্রস্তাবিত ১২ দফা দাবী মেনে নেয়ার আহবান জানিয়েছেন। নেতৃবৃন্দ বলেন, 'স্বতন্ত্র প্রাথমিক শিক্ষা ক্যাডার সৃষ্টিপূর্বক সহকারী থানা শিক্ষা অফিসার পদটি প্রথম শ্রেণীতে উন্নীত করে '৮৯ সালের নিয়োগবিধি সংশোধনপূর্বক কলেজ শিক্ষকগণকে অবিলম্বে প্রত্যাহার, পদোন্নতির কোটা ১০০% উন্নীতকরণ এবং অবৈধ পদোন্নতি বাতিল করতে হবে।

বাংলাদেশ প্রাথমিক শিক্ষা কর্মকর্তা ঐক্য পরিষদ প্রস্তাবিত ১২ দফা দাবী আদায়ের লক্ষ্যে গতকাল (রবিবার) মিরপুরস্থ প্রাথমিক শিক্ষা অধিদফতরে বিক্ষোভ অবস্থানকালে নেতৃবৃন্দ বক্তব্য রাখছিলেন। ঐক্য পরিষদের সভাপতি সাখওয়াত হোসেনের সভাপতিত্বে এতে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন মাহবুব এলাহী, এবিএম সিদ্দিকুর রহমান, দেবশ চন্দ্র সরকার, ময়েজ উদ্দীন, নাসির উদ্দীন আহমেদ, মোঃ সুলতান মিয়া, গাজী নূরুজ্জামান ও গিয়াস উদ্দীন আহম্মদ। অবস্থান কর্মসূচী চলাকালে বিক্ষুব্ধ কর্মকর্তারা প্রাথমিক শিক্ষা অধিদফতরে চড়াও হয়ে নিয়োগপ্রাপ্ত কলেজ শিক্ষকগণকে অফিস ত্যাগে বাধ্য করে। পরে নেতৃবৃন্দ প্রস্তাবিত ১২ দফা দাবী সংবলিত স্মারকলিপি প্রধানমন্ত্রীর সচিবালয়ে হস্তান্তর করেন। ঈদুল আযহা উপলক্ষ্যে ঐক্য পরিষদের ঘোষিত লাগাতার কর্মসূচী আগামী ৫ মে পর্যন্ত স্থগিত করা হয়।